

যারা তওবা করে, ঈমান আনে,  
ও সৎ কাজ করে আল্লাহ তাদের পাপ পরিবর্তন করে দেন  
সৎ আ'মলের দ্বারা

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ  
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **যারা তওবা করে,**  
**ঈমান আনে,ও সৎ কাজ করে আল্লাহ তাদের পাপ**  
**পরিবর্তন করে দেন সৎ আ'মলের দ্বারা**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সুরা ফুরকান, আয়াতঃ  
৬৮,৬৯,৭০

وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ

অর্থঃ এবং তারা আল্লাহর সাথে কোন উপাস্যকে ডাকে না;

وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ

অর্থঃএবং আল্লাহ যার হত্যা নিষিদ্ধ করেছেন, যথার্থ কারন ছাড়া  
তারা তাকে হত্যা করে না।

وَلَا يَزْنُونَ

এবং ব্যভিচার করে না

وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يَلْقَ أَثَامًا (68)

অর্থঃ যে এগুলি করে সে শাস্তি ভোগ করবে

يُضَاعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ

অর্থঃ কিয়ামত দিবসে তার শাস্তি দ্বিগুণ করা হবে

وَيَخُذُ فِيهِ مُهَانًا (69)

অর্থঃ এবং সেখানে সে স্থায়ী হবে হীন অবস্থায়

إِلَّا مَنْ تَابَ

অর্থঃ তারা নয় যারা তওবাহ্ করে,

وَأَمَّنْ

অর্থঃ এবং ঈমান আনে

وَعَمِلَ عَمَلًا صَالِحًا

অর্থঃ এবং আ'মলে সালেহ (সৎ কাজ) করে

فَأُولَئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ

অর্থঃ আল্লাহ তাদের পাপ পরিবর্তন করে দিবেন উত্তম আ'মলের দ্বারা।

وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا (70)

অর্থঃ আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু

একটি হাদীস মুসলিম ১/১৭৭, আহমদ ৫/১৭০ বড় বড় পাপও আল্লাহ ক্ষমা করে দিবেন।

হযরত আবু যার(রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ(সাঃ) বলেছেনঃ

যে ব্যক্তি সর্বশেষ জাহান্নাম হতে বের হবে এবং সর্বশেষে জান্নাতে প্রবেশ করবে তাকে আমি চিনি। সে হয় ঐ ব্যক্তি যাকে আল্লাহ তা'আলার সামনে আনা হবে। আল্লাহ তা'আলা ফেরেশতাদেরকে নির্দেশ দিবেনঃ তার বড় বড় পাপগুলো ছেড়ে দিয়ে ছোট ছোট পাপগুলো সম্পর্কে জিজ্ঞাসাবাদ কর।

সুতরাং তাকে প্রশ্ন করা হবে। অমুক দিন কি তুমি অমুক কাজ করেছিলে? অমুক অমুক পাপ তুমি করেছিলে কি? সে একটিও অস্বীকার করতে পারবে না, বরং সবটাই স্বীকার করে নিবে। শেষে আল্লাহ তা'য়লা তাকে বলবেনঃ তোমার প্রতিটি পাপের পরিবর্তে তোমাকে সওয়াব দান করা হল। তখন সে বলবেঃ হে আমার রব! আমি আরও কতগুলো পাপকাজ করেছিলাম সেগুলো এখানে দেখছি না? আবু যার(রাঃ) বলেন যে, একথা বলার পর

রাসুলুল্লাহ(সাঃ) এমনভাবে হেসে উঠেন যে, তাঁর দাঁতের মাড়ি দেখতে পাওয়া যায়।

## আরও একটি হাদীসঃ

১০০ লোক হত্যার গুনাহ আল্লাহ ক্ষমা করে দেলেন।

বুখারী ৩৪৭০, মুসলিম-২৭৬৬, ইবনে মাযাহ্ ২৬২৬,  
আহমাদ-১০৭৭০, ১১২০৯

হযরত আবু সাঈদ সা'দ ইবনে মালিক ইবনু সিনান খুদরী (রাঃ) হতে বর্ণিত। নবী করীম(সাঃ) এরশাদ করেছেন তোমাদের পূর্ববর্তী যগে এক ব্যক্তি ৯৯ জন মানুষকে হত্যা করে দুনিয়ার সর্বশ্রেষ্ঠ আলেমের কথা জিজ্ঞাসা করল। তাকে একজন সংসার বিরাগী খৃষ্ঠান পাদ্রীর কথা বলে দেয়া হল। সে তার নিকট গিয়ে বলল যে, সে ৯৯জন লোককে হত্যা করেছে। এখন তার জন্য কোন তওবার সুজোগ আছে কি? পাদ্রী বলল নেই। এতে লোকটি (ক্ষিপ্ত হয়ে) পাদ্রী -কে হত্যা করে ১০০ সখ্যা পূর্ণ করে। এরপর আবার সে দুনিয়ার সর্বশ্রেষ্ঠ আলেমের কথা জিজ্ঞেস করায় তাকে একজন আলেমের কথা বলে দেয়া হল। অতঃপর সে তাকে বলল, সে ১০০জন লোককে হত্যা করেছে, এখন তার তওবার সুজোগ আছে কি? আলেম বললেন, হ্যাঁ আছে। মানুষ ও তার তওবার মাঝে কে অন্তরায় হতে পারে? তুমি অমুক স্থানে চলে যাও। সেখানে কিছু লোক আল্লাহর ইবাদত করছে। তুমিও তাদের

সাথে বসে ইবাদত করো এবং তোমার দেশে ফিরে যেওনা। কারন তা খারাপ জায়গা। লোকটি নির্দেশিত স্থানের দিকে চলতে লাগলো। অর্ধেক পথ যখন অতিক্রম করলো তখন তার মৃত্যুর সময় এসে পড়ল। তখন রহমতের ফেরেশতা গণের সাথে আযাবের ফেরেশতাগণের ঝগড়া বেঁধে গেল। রহমতের ফেরেশতা বলতে লাগলেন এই লোকটি সর্বান্তকরণে তওবা করে আল্লাহর দিকে ফিরে এসেছে। আর আযাবের ফেরেশতাগণ বলতে লাগলেন লোকটি কখনো কোন ভালো কাজ করেনি।

এমনসময় একজন ফেরেশতা মানুষের রূপ ধারণ করে তাদের কাছে এল। তখন তারা তাকেই এ বিষয়ের বিচারক মেনে নিল। অতঃপর বিচারক বললঃ তোমরা উভয় দিকের স্থানের দূরত্ব মেপে দেখ। অতঃপর যে দিকটি নিকটতর হবে সেটিরই সে অন্তর্ভুক্ত বলে গণ্য হবে। অতঃপর জায়গা পরিমাপের পর যে দিকের উদ্দেশ্যে সে এসেছিল তাকে সে দিকটির নকটবর্তী পাওয়া গেল। অতঃপর রহমানের ফেরেশতাগণ লোকটির রুহ কবজ করলো।

আল্লাহ তা'য়লা ঘোষণা করেছেন তিনি আমাদের বড় বড় পাপ কাজ (শিরক, হত্যা ও যিনা) পরিবর্তন করে দিবেন উত্তম আ'মলের দ্বারা যদি আমরা (তওবাহ করে ফিরে আসি সঠিক দ্বীনের পথে) ঈমান আনি ও সৎ কাজ করি।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা ফরজ ইবাদতগুলো ঠিক ঠাক মত আদায় করি, বেশী বেশী নফল ইবাদত করি, সৎ কাজ করি, এবং বেশী বেশী তাওবা ইস্তেগফার করি—আশা করা যায়

আল্লাহ আ'মলনামা থেকে পাপগুলো মুছে দেবেন এবং সেখানে  
নেকী লিখে দেবেন। আল্লাহ আমাদেরকে ক্ষমা করুন ও সঠিক  
পথ প্রদর্শন করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....